মহাপরিচালকের দপ্তর
ডায়রীনং ৫১১০
তারিখ
পরিচালক
উপপরিচালক (প্রশাসন)
লাইব্রেরিয়ান (প্রশাসন)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

## গণগ্রন্থাগার অধিদপ্তর এর ইনোভেশন টিমের ২৮.১১.১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

গণগ্রন্থাগার অধিদপ্তর এর ইনোভেশন টিমের সভা ইনোভেশন অফিসার জনাব আবদুল্যাহ হারুন পাশা, পরিচালক (যুগ্মসচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে ২৮.১১.১৭ তারিখ বেলা ১২:০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ

(১) জনাব মোহাম্মদ জিল্লুর রহমান - সদস্য
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

(২) জনাব হরেন্দ্রনাথ বসু
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

(৩) জনাব এ.ডি.এম. আলী আহাম্মদ - সদস্য
লাইব্রেরিয়ান (প্রশাসন ও হিসাব)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

(৪) জনাব মোহাম্মদ হামিদুর রহমান - সদস্য
সহকারী পরিচালক (সংগ্রহ ও বিতরণ)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

(৫) খন্দকার আসিফ মাহতাব - সদস্য
লাইব্রেরিয়ান (উন্নয়ন)
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

(৬) জনাব মোঃ মাকসুদুর রহমান - সদস্য
মেইনটেনেন্স সুপারভাইজার
গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা

সভার শুরুতে এ অধিদপ্তরের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক জনাব হরেন্দ্রনাথ বসু টিমের নতুন সদস্য হিসেবে যোগদান করায় সভাপতি তাঁকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইনোভেশন টিমের সদস্য জনাব এ.ডি.এম. আলী আহাম্মদ-কে গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানান। জনাব আহাম্মদ গত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভায় উপস্থাপন করেন। অতঃপর নিম্নরূপ আলোচনা ও সুপারিশ গ্রহণ করা হয়ঃ

| ক্রমিক | আলোচনা | সুপারিশ/সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | ৩১.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কারো কোনো সংশোধনী না থাকায় তা অনুমোদন করা যায় মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ৩১.১০.২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২। | গণগ্রন্থাগার অধিদপ্তর নিজস্ব অর্থায়নে wi-fi করার ব্যবস্থা ইতোমধ্যে নেয়া হয়েছে। কিন্তু Bandwith কম থাকায় পাঠকক্ষে wi-fi চালু করা যাচ্ছে না বলে খন্দকার আসিফ মাহতাব সভায় অবহিত করেন। Bandwith বৃদ্ধি করার জন্য বিটিসিএল এর সাথে সভা করে পরবর্তী ব্যবস্থা নেয়ার জন্য সভায় আলোচনা হয়। | বিটিসিএল এবং রবির প্রতিনিধির সাথে দ্রুত সময়ের মধ্যে সভার আয়োজন করে ১৫ এমবিপিএস Bandwith সরবরাহ নিশ্চিত করতে হবে। | লাইব্রেরিয়ান (উন্নয়ন) খন্দকার আসিফ মাহতাব বিষয়টি নিশ্চিত করবেন |

| | | | |
|---|---|---|---|
| ৩। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ অধিদপ্তরের অডিটরিয়াম ও সেমিনার কক্ষ বরাদ্দের ফরম এবং পুস্তক লেনদেনের নিমিত্ত সদস্য ফরম অনলাইনে প্রবর্তন করার প্রস্তাব অনুযায়ী ইতোমধ্যে প্রয়োজনীয় সফটওয়্যার তৈরির কাজ শেষ হয়েছে এবং এর কার্যক্রম শুরু করা হয়েছে। | শওকত ওসমান স্মৃতি মিলনায়তন ও সেমিনার কক্ষ অনলাইনে বুকিং এবং সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগারের সদস্য অনলাইনে হওয়ার জন্য প্রচার করতে হবে। ফেসবুক পেজ খুলে ওয়েব পোর্টাল এ তথ্য দিতে হবে যাতে, অনলাইনে হল বুকিং ও সদস্য হওয়া যায়। পূবালী ব্যাংক, বিএসএমএমইউ, শাহবাগ শাখায় অনলাইনে টাকা জমা দেয়ার ব্যাপারে যোগাযোগ করতে হবে। | |
| ৪। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তর এবং এর নিয়ন্ত্রণাধীন সরকারি গণগ্রন্থাগারসমূহে ইনোভেশন টিমের সদস্যদের নাগরিক সেবা উদ্ভাবন সংক্রান্ত ২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করার জন্য সভাপতি মহোদয় সভায় আলোচনা শুরু করেন। এ প্রশিক্ষণ কোর্সে মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই প্রশিক্ষক দিয়ে সহায়তা করবে। এতে সভার সকল সদস্য একমত পোষণ করেন। | ডিসেম্বর, ২০১৭ মাসের মধ্যে উক্ত ২ (দুই) দিনব্যাপী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। এ প্রশিক্ষণ কোর্সে মন্ত্রিপরিষদ বিভাগ এবং এটুআই-কে প্রশিক্ষক দিয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করতে হবে। | লাইব্রেরিয়ান (উন্নয়ন) সম্পর্কে অফিস সহায়ক নিয়োগ নিশ্চিত করবেন। |
| ৫। | সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রদান করা হয়। এর ধারাবাহিকতা বজায় রাখতে হবে। | ইনোভেশন টিমের কার্যবিবরণী নিয়মিত ওয়েব সাইটে প্রকাশ এবং এর হার্ড কপি এবং সফট কপি প্রশাসনিক মন্ত্রণালয়ে নিয়মিত প্রেরণ করতে হবে। | |
| ৬। | বিগত ২০.০৭.২০১৭ তারিখে অনুষ্ঠিত a2i প্রোগ্রাম কর্তৃক আয়োজিত ইনোভেশন টিমের সদস্যদের উদ্ভাবন চর্চা সহায়ক পরিবেশ তৈরি বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মশালায় এ অধিদপ্তরের ২ (দুই) জন সদস্য অংশগ্রহণ করেন। কর্মশালা থেকে অংশগ্রহণকারীদেরকে ওয়ার্কশপ পরবর্তী করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং কতিপয় সিদ্ধান্ত গ্রহণ করা যায় মর্মে আলোচনা হয়। | ওয়ার্কশপ পরবর্তী করণীয়সমূহ নিম্নোক্তভাবে সভায় গৃহীত হয়:<br>• ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে;<br>• মাঠ পর্যায় থেকে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগগুলো compile করে সুপারিশ আকারে পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;<br>• সিদ্ধান্ত মোতাবেক গণগ্রন্থাগার অধিদপ্তরের ওয়েবসাইটে ইনোভেশন কর্ণার স্থাপন করা হয়েছে;<br>• লাইব্রেরিয়ান (উন্নয়ন), ইনোভেশন সংক্রান্ত সরকারি গেজেট এবং অন্যান্য তথ্যাদি নিয়মিত সংগ্রহ ও সংরক্ষণ করবেন। | |
| ৭। | নতুন পুস্তক পাঠকদের নজরে আনার জন্য পাঠকক্ষে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করার জন্য ইনোভেশন টিমের সদস্য জনাব মোহাম্মদ হামিদুর রহমান প্রস্তাব করেন। এতে কমিটির সকল সদস্য ইতিবাচক মতামত দেন। | নতুন পুস্তক পাঠকদের নজরে আনার জন্য পাঠকক্ষে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপনের বিষয়ে অভিজ্ঞ এ্যাড ফার্ম এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |

২। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/১২/২০১৭

(আবদুল্যাহ হারুন পাশা)
পরিচালক (যুগ্মসচিব)
ও
ইনোভেশন অফিসার।

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

Forward file-345